

যুগান্তর

জেডিসির ভূয়া পরীক্ষার্থী

ভাণ্ডারিয়ায় কেন্দ্র সচিবসহ ৭ জন আটক

প্রকাশ : ১৭ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ভাণ্ডারিয়া (পিরোজপুর) প্রতিনিধি

ভাণ্ডারিয়ায় জেডিসি পরীক্ষায় ভূয়া পরীক্ষা দেয়ার অভিযোগে কেন্দ্র সচিব ও এক মাদ্রাসার সুপারসহ ৭ জনকে আটক করেছে পুলিশ। এ ঘটনায় চারজন অভিভাবকসহ ১৭ জনকে আসামি করে মামলা হয়েছে। ইকড়ি ইউনিয়নের পশ্চিম পশারীবুনিয়ার নিভৃত পল্লীতে মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত বিপিএম দাখিল মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রে শনিবার জুনিয়র দাখিল পরীক্ষা (জেডিসি) ইংরেজি বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা চলাকালীন সময়ে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তোহিদুল ইসলাম পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে গিয়ে ৫ ভূয়া পরীক্ষার্থীকে শনাক্ত করেন। অভিযুক্ত পরীক্ষার্থীরা অন্যের পরীক্ষা দেয়ার অভিযোগে তাৎক্ষণিক আটক করা হয়। এ ব্যাপারে কেন্দ্র সচিব আমির হোসেন ও উপজেলার হরিণপালা নেছারিয়া সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসা সুপার সিদ্দিকুর রহমানকে দায়িত্বে অবহেলার অভিযোগে আটক করে। উপজেলা নির্বাহী কর্মকর্তা নাজমুল আলম জানান, মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র-২ বিপিএম দাখিল মাদ্রাসার কেন্দ্র সচিব মাওলানা আমীর হোসেনসহ মোট ৭ জনকে আটক করা হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।